



যে-কোনো ধরনের তদবির
প্রার্থীর অযোগ্যতা হিসেবে
বিবেচনা করা হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর-৮০.১০৩.০১১.০০.০০৮.২০১২(অংশ-১)-৪৯

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮
১১ এপ্রিল ২০২২

বিজ্ঞপ্তি

বিষয় : বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার (৯ম গ্রেড) পদে কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড এ্যাপটিটিউড টেস্টের ফলাফল প্রকাশ এবং মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও সাধারণ নির্দেশাবলি।

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার (৯ম গ্রেড) পদের (অনলাইনে বিজ্ঞপ্তি নম্বর-৬৭, তারিখ-২৯ জুলাই ২০১৯) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড এ্যাপটিটিউড টেস্ট ২১ মার্চ ২০২২ তারিখে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষায় ১৩ জন প্রার্থী উত্তীর্ণ হয়। উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	রেজিস্ট্রেশন নম্বর
২০ এপ্রিল ২০২২ সকাল : ১০.০০ মিনিট	000026, 000072, 000076, 000080, 000113, 000126, 000132, 000144, 000145, 000170, 000186, 000195, 800022 = 13 জন

০২. নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী ১১ জন প্রার্থীকে ২ নং কলামে বর্ণিত কারণে মৌখিক পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হলো:


রেজিস্ট্রেশন নম্বর	অযোগ্য ঘোষণার কারণ
000052 000074 000090 000120 000151 000165 700054 = ০৭ জন	কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড এ্যাপটিটিউড টেস্টে অনুত্তীর্ণ
000081 000130 000166 500062 = ০৪ জন	অনুপস্থিত

বিশেষ নির্দেশাবলি :

০৩. মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য, প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

০৪. মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণকারী প্রার্থীদের অতিরিক্ত ০১টি সেট BPS Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোডপূর্বক নিম্নোক্ত কাগজপত্র সত্যায়িত করে ফটোকপিসহ সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। [জমাদানে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না] :

- ক. শিক্ষাগত যোগ্যতা সকল মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি;
 - খ. 'ও' লেভেল এবং 'এ' লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
 - গ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীকে সংশ্লিষ্ট ক্ষেত্রে ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্ট সনদের মূল ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
 - ঘ. সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত ফটোকপি;
 - ঙ. সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি;
 - চ. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি;
 - ছ. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;
 - জ. কোনো পেশাজীবী কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হিসেবে সনদের সত্যায়িত কপি;
 - ঝ. লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি;
 - ঞ. প্রতিবন্ধী প্রার্থীদের সামাজ্যসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে];
 - ট. ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙিন ছবি;
 - ঠ. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ সাকুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণপত্র/ডকুমেন্টস (প্রযোজ্য ক্ষেত্রে);
০৫. অনুচ্ছেদ ৪ এ বর্ণিত সকল সনদ/ডকুমেন্টস এর মূলকপি মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।
০৬. উল্লিখিত প্রতিটি ডকুমেন্টসের সত্যায়িত কপির উপর প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে।
০৭. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে [ক্যান্টিনসহ] মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।
০৮. মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত: আধা ঘন্টা [৩০ মিনিট] পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে। নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।
০৯. কোন প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের কোনে গুরুতর [Substantive] ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১০. কোভিড-১৯ মহামারীর কারণে সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি অনুসরণসহ প্রার্থীদের অবশ্যই মাস্ক পরিধান করে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।


[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)
[যুগ্মসচিব]